২৩৭

ভোরের কাগজ

তারিখ ... 25 APR 1998 ...
পৃষ্ঠা : ১৮ কলাম : ৭

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলো তারা কিভাবে দখল করেছে দেশবাসী তা দেখেছে

## —খালেদা জিয়া

কাগজ প্রতিবেদক : বিএনপি চেয়ারপারসন ও জাতীয় সংসদে বিরোধীদলীয় নেত্রী খালেদা জিয়া বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলো তারা (সরকারি দলের ছাত্র সংগঠন) কিভাবে দখল করে নিয়েছে তা দেশবাসী দেখেছে। এ সরকার কোনো ক্ষেত্রেই দলীয় চিন্তাভাবনার উর্ধ্বে উঠতে পারছে না।

আসন্ন বার কাউন্সিল নির্বাচন উপলক্ষে জাতীয়তাবাদী ঐক্য প্যানেলের পক্ষ থেকে গতকাল সন্ধ্যায় স্থানীয় একটি হোটেলে আয়োজিত এক নির্বাচনী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে খালেদা জিয়া এ কথা বলেন। ব্যারিস্টার নাজমুল হুদার সভাপতিত্বে সভায় আরো বক্তব্য রাখেন বার কাউন্সিল নির্বাচনে জাতীয়তাবাদী ঐক্য প্যানেলের নেতা এডভোকেট খন্দকার মাহবুব উদ্দিন আহমেদ, সুপ্রিম কোর্ট বার এসোসিয়েশনের সভাপতি এডভোকেট হাবিবুল ইসলাম ভুঁইয়া, সাবেক স্পিকার শেখ রাজ্জাক আলী, ব্যারিস্টার আবদুস সালাম তালুকদার প্রমুখ।

খালেদা জিয়া বলেন, বার কাউন্সিল নির্বাচনকে আমরা অত্যন্ত গুরুত্বপূর্ণ মনে করি। এটি নির্দলীয় প্রতিষ্ঠান হলেও ক্ষমতাসীনরা এটাতেও দলীয়করণ শুরু করেছে। কিন্তু আমাদের কাছে দলের চেয়ে দেশ অনেক বড়ো।

আইনের শাসন সমুন্নত রাখার স্বার্থে বার কাউন্সিল নির্বাচনে জাতীয়তাবাদী প্যানেলকে জয়ী করার আহ্বান জানিয়ে তিনি বলেন, বিভিন্ন অঞ্চলে আমাদের নেতা-কর্মীদের এই প্যানেলের পক্ষে কাজ করার জন্য আমরা নির্দেশ দিয়ে দেবো। তিনি বলেন, বার কাউন্সিল নির্বাচনে জাতীয়তাবাদী প্যানেলকে জয়লাভ করিয়ে আবার আপনাদের সামনে উপস্থিত হতে চাই।

### ঢা.বিতে সন্ত্রাসে ক্ষোভ

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া গত বুধ ও বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে সংঘটিত ঘটনাবলীর জন্য আওয়ামী লীগের অঙ্গসংগঠন ছাত্রলীগের ক্যাডার ও সশস্ত্র ভাড়াটেদের দায়ী করে বলেছেন, ঐ ঘটনায় আমি দারুণভাবে ক্ষুব্ধ ও মর্মাহত হয়েছি।

তিনি বলেন, একটি তুচ্ছ ঘটনাকে অজুহাত হিসেবে দাঁড় করিয়ে দেশের প্রাচীনতম সর্বোচ্চ বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয়ে এ নারকীয় তাণ্ডব ছাত্রলীগের কলেজ, ছাত্রসংসদ, ছাত্রাবাস, বিশ্ববিদ্যালয় ও হল দখলের অতীতের সকল রেকর্ড ম্লান করে দিয়েছে।

খালেদা জিয়া বলেন, আমি সরকারকে দেশে দেশে ফ্যাসিবাদের করুণ পরিণতির অতীত ইতিহাস স্মরণ করিয়ে দিয়ে দমনপীড়ন ও পোড়ামাটি নীতি পরিহার করে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শান্তি ও শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টির স্বার্থে গ্রেপ্তারকৃত সকল ছাত্রদল নেতা ও কর্মীকে অবিলম্বে নিঃশর্ত মুক্তিদান, দখলকৃত ছাত্রাবাসগুলোতে ছাত্রদল কর্মীদের ফিরিয়ে নেওয়ার আশু ব্যবস্থা গ্রহণ এবং পুড়িয়ে দেওয়া তাদের বই ও জিনিসপত্রের ক্ষতিপূরণ দানের দাবি জানাচ্ছি।